

গণগ্রন্থাগার অধিদপ্তরের ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত চলমান সেবাসমূহের  
অফিস আদেশ এর তালিকা:

ক্র: নং	বিষয়	বিবরণ	সহজিকরণ কার্যক্রম বাস্তবায়নের তারিখ
১	ই-টোকেন	গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের চাহিদার তুলনায় পাঠক আসন অপ্রতুল থাকায় ই-টোকেন সিস্টেম চালু করা হয়েছে। ই-টোকেন সিস্টেমে পাঠক ঘরে বসেই মোবাইলের মাধ্যমে পরের দিন প্রয়োজনীয় সময়ে আসন বুকিং দিতে পারে এবং কিউআর কোড প্রদর্শনের মাধ্যমে গ্রন্থাগারের আসন ব্যবহার করতে পারেন।	(০৫/১০/২০২১ তারিখ পরিপত্র জারি করে বাস্তবায়ন করা হয়েছে)
২	অনলাইনে পুস্তক ক্রয়ের তালিকা আহবান	অনলাইন সফটওয়্যার চালুর পর থেকে লেখক ও প্রকাশকগণকে তালিকা জমা দেয়া ও প্রাপ্তিস্বীকার গ্রহণের জন্য সশরীরে গণগ্রন্থাগার অধিদপ্তরে আসতে হয় না। ফলে সেবাগ্রহীতা ও সেবাদানকারী উভয়ের কাজ সহজ হয়েছে। সেবাগ্রহীতার যাতায়াত খরচ কমেছে। অনলাইনে তালিকা জমা দেয়ার সাথে সাথেই স্বয়ংক্রিয়ভাবে সমন্বিত তালিকা তৈরি হয়ে যাচ্ছে। ফলে বই সংগ্রহ ও বিতরণের কাজ পূর্বে প্রায় ১২ মাস প্রয়োজন হতে বর্তমানে তা ০৬ মাসের মধ্যে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।	(২৪/০৭/২০১৮ তারিখ পরিপত্র জারি করে বাস্তবায়ন করা হয়েছে)
৩	ই-নথির সকাল	গণগ্রন্থাগার অধিদপ্তরের প্রতি মাসের দ্বিতীয় ও শেষ বৃহস্পতিবার/ বুধবার সকালে ই-নথির ব্যবহার, আপডেট, সমস্যা-সমাধান, ই-নথি সংক্রান্ত ফেসবুক গ্রুপ নিয়ে আলোচনা, করণীয় ও প্রশিক্ষণ কার্যক্রমই হলো 'ই-নথির সকাল'। এর ফলে এক বৈঠকেই ই-নথি ব্যবহারকারীগণ তাদের ই-নথি ব্যবহারে উদ্ভূত সমস্যার সমাধানসহ দক্ষতা বৃদ্ধি করতে সামর্থ্য হন। নতুন ব্যবহারকারীদেও এক বৈঠকে আইডি প্রদান করা সম্ভব হচ্ছে।	(১৮/০৮/২০২১ তারিখ পরিপত্র জারি করে বাস্তবায়ন করা হয়েছে)
৪	নতুন অন্তর্ভুক্ত বই	সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এবং বিভাগীয় জেলা গণগ্রন্থাগার সমূহে ওয়েব পোর্টালে নতুন অন্তর্ভুক্ত বই শিরোনামে একটি মেনু বার সৃষ্টি করা হয়েছে। যেখানে প্রতি অর্থ বছরে ক্রয়কৃত বইয়ের তালিকা এবং উল্লেখযোগ্য বইসমূহের প্রচ্ছদসহ তথ্য প্রদান করা হয়ে থাকে।	১৪/০৩/২০২৪ ইং তারিখে অফিস আদেশের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে।

(স্বাক্ষর)  
০৫/১০/২০২১  
সহকারী সচিব (সহকারী সচিব ও হিসাব)  
গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।